# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/১৮০৪ | তারিখঃ ২৫/০২/২০১৫ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫৩৯ তম কমিশন সভা অদ্য ২৫/০২/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. কমিশন আজকের সভায় Olympic Accessories Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ২ (দুই) কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে অভিহিত মূল্যে ইস্যু করার অনুমোদন দিয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২০ (বিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে নতুন ফ্যাক্টরী বিল্ডিং তৈরি, ম্যাশিনারিজ ক্রয় এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন, ২০১৪ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ১.৪৩ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১৬.৩৪ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে PLFS Investments Limited এবং CAPM Advisory Limited।

২. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী এল আর গ্লোবাল এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড (এল আর গ্লোবাল) এর বিষয়ে গঠিত কমিশনের তদন্ত দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গ ও অন্যান্য অনিয়ম সংক্রান্ত বিষয়গুলি পরিলক্ষিত হয় ঃ

ক) এল আর গ্লোবাল, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ ("বিধিমালা") এর বিধি ৫৫ ধারা ভঙ্গ করে কমিশনের অনুমোদনহীন কয়েকটি প্রাইভেট কোম্পানীর প্রাইভেট ইক্যুইটিতে বিনিয়োগের নামে মোট ৯৫,৫৮,২৭,০০০ (পঁচান্নব্বই কোটি আটান্ন লক্ষ সাতাশ হাজার) টাকা বিনিয়োগ করেছে। ৩০ জুন ২০১৪ তারিখ পর্যন্ত ৪ (চার) টি প্রাইভেট কোম্পানীতে মোট বিনিয়োগ স্থিতির পরিমান দাঁড়ায় টাঃ ৪৮,৫৬,৮০,৫০০ (আটচল্লিশ কোটি ছাপ্পান্ন লক্ষ আশি হাজার পাঁচশত);

খ) এল আর গ্লোবাল ২০১০ সাল থেকে তাদের ব্যবস্থাধীন ০৬ টি ফান্ড (যেমনঃ ডিবিএইচ ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড, গ্রীন ডেল্টা মিউচ্যুয়াল ফান্ড, এআইবিএল ফার্স্ট ইসলামিক মিউচ্যুয়াল ফান্ড, এমবিএল ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড, এলআর গ্লোবাল বাংলাদেশ মিউচ্যুয়াল ফান্ড ওয়ান এবং এনসিসিবিএল মিউচ্যুয়াল ফান্ড-১) হতে বিধিমালার ৬৫ ধারা মোতাবেক প্রাপ্য ব্যবস্থাপনা ফি-এর বাইরে বিধিবহির্ভূতভাবে সম্পদ ব্যবস্থাপকের নিজস্ব অফিস এবং প্রশাসনিক ব্যয়বাবদ মোট ৫,৯৪,০০,০০০/= (পাঁচ কোটি চুরান্নব্বই লক্ষ) টাকা এবং এল আর গ্লোবাল এর বিরুদ্ধে আনীত অভিযোগ নিস্পত্তিতে ও উক্ত কোম্পানী সম্পর্কিত অন্যান্য আইন সংক্রান্ত খরচের নামে মোট ৩১,৬২,৯১০/= (একত্রিশ লক্ষ বাষট্টি হাজার নয়শত দশ) টাকা ০৬ (ছয়) টি ফান্ড হতে আনুপাতিক হারে আদায় করেছে;

গ) কোন যুক্তিসংগত কারণ ব্যাতিরেকে একই ফান্ডের এক ব্যাংক হিসাব থেকে অন্য ব্যাংক হিসাবে ঘনঘন তহবিল স্থানান্তর পরিলক্ষিত হয় এবং উক্ত তহবিল স্থানান্তরের অধিকাংশ লেনদেনগুলো উচ্চ সুদ হারের ব্যাংক হিসাব থেকে নিম্ন সুদ হারের ব্যাংক হিসাবে স্থানান্তর করা হয়েছে। ফলে ফান্ডগুলো উচ্চ সুদ হারের প্রাপ্তব্য আয় থেকে মারাত্মকভাবে বঞ্চিত হয়েছে;

ঘ) এল আর গ্লোবাল নিজ প্রয়োজনে ফান্ড হতে সরাসরি অর্থ উত্তোলন করে এল আর গ্লোবাল এর ব্যাংক হিসাবে স্থানান্তর করেছে;

ঙ) এল আর গ্লোবাল তার অধীন পরিচালিত একাধিক ফান্ডগুলোর ক্ষেত্রে বিধিমালার বিনিয়োগ বাধা নিষেধ-এর ৫৬(৭) ধারা উপেক্ষা করে এক ফান্ডের অর্থ অন্য ফান্ডে বিনিয়োগ করেছে। উক্ত বিনিয়োগের ফলে ফান্ডগুলো মারাত্মকভাবে আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছে; এবং

চ) এল আর গ্লোবাল তার অধীন পরিচালিত ফান্ডগুলো হতে অনেক ক্ষেত্রে সমজাতীয় ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে বিদ্যমান উচ্চ সুদ হারের এফডিআর -এ বিনিয়োগ না করে নিম্ন সুদ হারের এফডিআর -এ বিনিয়োগ করেছে।



ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


**উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশনের আজকের সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ**

**সম্পদ ব্যবস্থাপক এল আর গ্লোবাল এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিঃ সম্পর্কিত ঃ**

ক) সম্পদ ব্যবস্থাপক হিসেবে এল আর গ্লোবাল অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড-তার অধীন পরিচালিত বিভিন্ন ফান্ডগুলো থেকে 'অফিস ও প্রশাসনিক ব্যয়' বাবদ যে ৫,৯৪,০০,০০০/= (পাঁচ কোটি চুরান্নব্বই লক্ষ) টাকা এবং 'আইন সংক্রান্ত খরচ' বাবদ যে মোট ৩১,৬২,৯১০/= (একত্রিশ লক্ষ বাষট্টি হাজার নয়শত দশ) টাকা অবৈধভাবে গ্রহণ করেছে তা আগামী ৩০ জুন ২০১৫ তারিখের মধ্যে ফান্ডগুলোতে ফিরিয়ে দিতে নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

খ) এল আর গ্লোবাল অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড-তার পরিচালনাধীন বিভিন্ন ফান্ডগুলো থেকে বিধি বর্হিভূতভাবে বিএসইসি এর অনুমোদনহীন যে সকল প্রাইভেট কোম্পানীর প্রাইভেট ইক্যুইটিতে বিনিয়োগের নামে বিনিয়োগ করেছে তা আগামী ৩০ জুন ২০১৫ তারিখের মধ্যে ফান্ডগুলোতে ফিরিয়ে আনতে এবং উক্ত অর্থ ফিরিয়ে আনতে যদি কোনো আর্থিক ক্ষতি সাধিত হয়, তা এল আর গ্লোবাল-এর নিজস্ব হিসাব বা উক্ত কোম্পানীর পরিচালকগণের নিজস্ব হিসাব থেকে পূরণ করার নির্দেশ প্রদান করা হয়। উল্লেখ্য যে, উক্ত বিনিয়োগের পরিমাণ ৩০ জুন ২০১৪ তারিখ মোতাবেক ছিল ৪৮,৫৬,৮০,৫০০/= (আটচল্লিশ কোটি ছাপ্পান্ন লক্ষ আশি হাজার পাঁচশত) টাকা;

গ) এল আর গ্লোবাল ফান্ডগুলোর জন্য তুলনামূলকভাবে নিম্নহারে ব্যাংক হিসাব খুলে যে লেনদেন করেছে এবং তুলনামূলক নিম্নহারে এফডিআর হিসেবে সঞ্চিতি রেখেছে তা বন্ধ করার জন্য নির্দেশ প্রদান করা হয় এবং ট্রাস্টির সাথে আলোচনা সাপেক্ষে তুলনামূলক উচ্চ সুদ হারের ব্যাংক হিসাবগুলোতে অর্থ স্থানান্তরের নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

ঘ) উপরোল্লিখিত অপরাধের জন্য এল আর গ্লোবাল অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড-কে আগামী ০১ (এক) বছরের জন্য নতুন কোনো ফান্ড বা স্কীম গঠনে নিষেধাজ্ঞা আরোপ করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

ঙ) এছাড়াও উপরোল্লিখিত অপরাধের জন্য কমিশন কর্তৃক এল আর গ্লোবাল অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড -কে ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ টাকা) আর্থিক জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**ফান্ডগুলোর ট্রাস্টি বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড (বিজিআইসি) সম্পর্কিত ঃ**

চ) সম্পদ ব্যবস্থাপক হিসেবে এল আর গ্লোবাল তার ব্যবস্থাধীনে পরিচালিত মিউচ্যুয়াল ফান্ডগুলো পরিচালনায় যথাযথভাবে বিধি পরিপালন না করায় উক্ত ফান্ডগুলোর ট্রাস্টি হিসাবে "বিজিআইসি"ও বিধি মোতাবেক সমভাবে দায়ী। সেজন্য বিজিআইসি-কে ২৫,০০,০০০/= (পঁচিশ লক্ষ) টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**ফান্ডগুলির অডিটর হুদা ভাসি চৌধুরী অ্যান্ড কোম্পানী সম্পর্কিত ঃ**

ছ) ফান্ডগুলির আর্থিক প্রতিবেদনে 'অফিস ও প্রশাসনিক ব্যয়' বাবদ সম্পদ ব্যবস্থাপক কর্তৃক অর্থ গ্রহণের ব্যাপারে ক্লীন অডিট রিপোর্ট (unqualified opinion) প্রদান করায় এবং সম্পদ ব্যবস্থাপককে 'অফিস ও প্রশাসনিক ব্যয়' সম্পর্কিত বিধির ভুল ব্যাখ্যা প্রদান করায় হুদা ভাসি চৌধুরী অ্যান্ড কোম্পানীকে পেশাদারী অসদাচরণ ও দায়িত্বহীনতার অভিযোগে ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা আর্থিক জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**ফান্ডগুলির কাস্টডিয়ান স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক সম্পর্কিত ঃ**

জ) ফান্ডগুলির কাস্টডিয়ান "স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক"-কে এল আর গ্লোবাল-এর অধীন পরিচালিত ফান্ডগুলোর সকল সম্পদ নিরাপদ হেফাজতে না রাখার দরুন সতর্ক করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. সম্প্রতি সরকার মিউচ্যুয়াল ফান্ড ট্রাস্ট দলিল রেজিস্ট্রেশনের জন্য ২% স্ট্যাম্প ডিউটি নির্ধারণ করে। ফলে বেমেয়াদী আইসিবি এএমসিএল ইসলামিক ইউনিট ফান্ড ট্রাস্ট এর দলিল রেজিষ্ট্রেশনে জটিলতা সৃষ্টি হয়। উক্ত জটিলতার নিরসনের লক্ষ্যে আইসিবি এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিঃ এর আবেদনের প্রেক্ষিতে মেয়াদী "আইসিবি এএমসিএল মিউচ্যুাল ফান্ড" -কে বেমেয়াদী "আইসিবি এএমসিএল ইসলামিক ইউনিট ফান্ড" হিসেবে রূপান্তরের সময়সীমা ২৮ ফেব্রুয়ারি ২০১৫ এর পরিবর্তে ৩১ মার্চ ২০১৫ নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. সভায় মাননীয় হাইকোর্ট ডিভিশন কর্তৃক অনুমোদিত স্কীম অনুযায়ী কেয়া কসমেটিকস লিঃ এর সঙ্গে কেয়া নীট কম্পোজিট লিঃ, কেয়া কটন মিলস লিঃ এবং কেয়া স্পিনিং মিলস লিঃ এর এমালগামেশন এর প্রেক্ষিতে কেয়া কসমেটিকস লিঃ কে প্রতিটি ১০/- (দশ) টাকা মূল্যের ৩২,১৯,৫১,০৫৫ টি সাধারণ শেয়ার ইস্যুর মাধ্যমে ৩২১,৯৫,১০,৫৫০/- (তিনশত একুশ কোটি পঁচানব্বই লক্ষ দশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা মূলধন উত্তোলনের অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২৫/০২/২০১৫

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd